কালের কণ্ঠ

তারিখ: 20 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৭

খুলনা বিশ্ববিদ্যালয়ে ঘুষ দাবি

# শিক্ষা মন্ত্রণালয়ের তিন কর্মকর্তা ওএসডি

নিজস্ব প্রতিবেদক ▷

খুলনা বিশ্ববিদ্যালয়ের একটি উন্নয়ন প্রকল্প পরিদর্শনে গিয়ে ১০ লাখ টাকা ঘুষ দাবি করার অভিযোগে শিক্ষা মন্ত্রণালয়ের তিন কর্মকর্তাকে প্রত্যাহার করে পরিকল্পনা মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে।

ওএসডি কর্মকর্তারা হলেন—শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান স্বপন কুমার ঘোষ, উপপ্রধান ওমর ইমরুল মহসিন ও সহকারী প্রধান নিশাত জাহান। তাঁরা তিনজনই বিসিএস (অর্থনৈতিক) ক্যাডারের কর্মকর্তা। গতকাল বৃহস্পতিবার পরিকল্পনা মন্ত্রণালয় এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করে।

জানা যায়, শিক্ষা মন্ত্রণালয়ের ১০ সদস্যের একটি প্রতিনিধিদল গত ২৯ এপ্রিল খুলনা বিশ্ববিদ্যালয়ের একটি প্রকল্প পরিদর্শনে গিয়ে মধ্যবর্তী মূল্যায়ন কমিটির জন্য ১০ লাখ টাকা দাবি করে। কিন্তু উপাচার্য প্রথমে তা দিতে রাজি না হলেও পরে চেকের মাধ্যমে টাকা দিতে চাইলে ওই কর্মকর্তারা তা নিতে রাজি হননি। পরে উপাচার্য এ বিষয়ে শিক্ষামন্ত্রী ও শিক্ষাসচিবের কাছে অভিযোগ করেন। অভিযোগ তদন্তে শিক্ষা মন্ত্রণালয় একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি তদন্ত কমিটি গঠন করে। ওই কমিটির রিপোর্টের ভিত্তিতে তিনজনকে ওএসডি করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।